# পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ
## সেমিস্টার ভিত্তিক নমুনা প্রশ্নপত্র
## ফাজিল প্রথম বর্ষ
## প্রথম সেমিস্টার

**শ্রেণি - একাদশ** **বিষয় - বাংলা** **পূর্ণমান - ৪০**

**গল্প ও প্রবন্ধ**

**বিকল্প উত্তরগুলির মধ্যে সঠিক উত্তরটি নির্বাচন করে উত্তরপত্রে (DMR Answer Sheet) চিহ্নিত করো:**
**১×১৩=১৩**

১. ‘পুঁই মাচা’ গল্পটির শুরু কোন ঋতুতে?

(A) শীত (B) গ্রীষ্ম (C) বর্ষা (D) শরৎ

২. সকালবেলা রৌদ্রের আতপে বসে সহায়হরি—

(A) গল্প করছিলেন

(B) রস আনতে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন

(C) তামাক টানছিলেন

(ঘ) ক্ষেন্তির কথা ভাবছিলেন

৩. সঠিক ঘটনাক্রম অনুসারে বেছে নাও

(i) দ্রব্যটি লইয়া মেলিয়া ধরিয়া বলিল।

(ii) এসব কোথা থেকে আনলি?

(iii) একজনের হাত খালি

(iv) অপরটির হাতে গোটা দুই তিন পাকা পুঁইপাতা জড়ানো দ্রব্য।

A) (i) (ii) (iii) (iv) B) (i) (ii) (iv) (iii) C) (ii) (iii) (iv) (i) D) (iii) (iv) (i) (ii)

৪. স্তম্ভ মিলিয়ে সঠিক বিকল্পটি বেছে নাও :

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| (i) ক্ষেন্তি অন্নপূর্ণা | a) স্বামী স্ত্রী |
| (ii) সহায়হরি অন্নপূর্ণা | b) দিদি-বোন |
| (iii) ক্ষেন্তি-রাধা | c) মেয়ে-মা |
| (iv)সহায়হরি-পুঁটি | d) বাবা-মেয়ে |

বিকল্পসমূহ

(A) i-a, ii-b, iii-c, iv-d

(B) i-a, ii-c, iii-b, iv-d

(C) i-c, ii-a, iii-b, iv-d

(D) i-d, ii-c, iii-a, iv-b

৫. বিবৃতিগুলির মধ্যে সঠিক সম্পর্কটিকে বেছে নাও :

বিবৃতি ১ : সহায়হরিকে দেখে মনে হচ্ছিল তিনি আকাশ থেকে পড়লেন।

বিবৃতি ২ : বরজপোতায় তার উপস্থিত না থাকার পক্ষে কোনো যুক্তি সহায়হরি দিতে পারেননি।

বিকল্পসমূহ :

(A) বিবৃতি ১ ও বিবৃতি ২ সঠিক, কিন্তু তারা পরস্পর সম্পর্কহীন

(B) বিবৃতি ১ সঠিক কিন্তু বিবৃতি ২ ভুল

(C) বিবৃতি ১ এর কারণ বিবৃতি ২

(D) বিবৃতি ২ সঠিক কিন্তু বিবৃতি ১ ভুল

৬. পৌষ সংক্রান্তির দিন অন্নপূর্ণা যা যা উপকরণ দিয়ে পিঠে বানাচ্ছিলেন —

**উপকরণ**

| ? | ময়দা | গুড় | একবাটি তেল |
|---|---|---|---|

(A) আটা (B) চিনি (C) ক্ষীর (D) চালের গুঁড়ো

৭. বাড়িতে কেহ ছিল না, তখন অন্নপূর্ণা নিজে খিড়কি দোরের আশে-পাশে পড়ে থাকা ভালো পুঁইশাকগুলো সংগ্রহ করে নিয়ে আসে এবং তা দিয়ে তরকারি বানায়।

(A) এখানে ক্ষেন্তির প্রতি তার গোপন স্নেহের প্রকাশ দেখা যায়।

(B) এখানে অন্নপূর্ণা পুঁইশাক খেতে ভালোবাসত তা বোঝা যায়।

(C) এখানে অন্নপূর্ণা কোনো সবজি ফেলতে পছন্দ করত না বোঝা যায়।

(D) এখানে অন্নপূর্ণার রন্ধনপ্রীতি সম্পর্কে জানা যায়।

৮. __________ বনের মধ্যে বসে খানিক আগে কী করছিলে শুনি?

(A) নদীর ঘাটের (B) বরজপোতার (C) তমালতলার (D) বাড়ির পিছনের

৯. কমলাকান্ত যদি নেপোলিয়ান হত, তবে কোন যুদ্ধে জিততে পারত বলে সে ভাবছিল?

(A) সপ্তবর্ষব্যাপী যুদ্ধ (B) ওয়াটার্লুর যুদ্ধ (C) পলাশির যুদ্ধ (D) তরাইনের যুদ্ধ

১০. মনুষ্যজাতি তার জন্য ভোজের আয়োজন করে, যে—

(A) অসুস্থ ব্যক্তি (B) বিড়ালকে মারে (C) তেলা মাথায় তেল দেয় (D) খেতে বললে বিরক্ত হয়।

১১. তথ্যভিত্তিক সঠিক উত্তরটি নির্বাচন করো।

"সুতরাং রাগ করিতে পরিনা।" — কমলাকান্তের না রাগার কারন —

(i) দুধ কমলাকান্তের বাপের নয়

(ii) দুধ দুয়েছে প্রসন্ন

(iii) দুধ মঙ্গলার

(iv) দুধে কমলাকান্ত আর বিড়ালের সমান অধিকার

বিকল্পসমূহ : (A) (i), (ii), (iii) সঠিক এবং (iv) ভুল

(B) (ii), (iii), (iv) সঠিক এবং (i) ভুল

(C) কেবল (iv) সঠিক এবং (i), (ii), (iii) ভুল

(D) সবকটিই সঠিক

১২. সত্য-মিথ্যার সঠিক বিকল্পটি বেছে নাও।

(i) মার্জার সমাজ-বিশৃঙ্খলার মূল

(ii) চোরের দন্ডবিধান কর্তব্য

(iii) পরোপকারই পরমধর্ম

(iv) চোর, কৃপণ ধনী অপেক্ষা শতগুনে দোষী

বিকল্পসমূহ : (A) (i) মিথ্যা (ii) মিথ্যা (iii) সত্য (iv) সত্য

(B) (i) মিথ্যা (ii) সত্য (iii) সত্য (iv) মিথ্যা

(C) (i) সত্য (ii) সত্য (iii) সত্য (iv) মিথ্যা

(D) (i) সত্য (ii) মিথ্যা (iii) সত্য (iv) মিথ্যা

১৩. ডায়াগ্রাম দেখে সঠিক উত্তর নির্বাচন :

এ সংসারের কী কী মনুষ্যজাতি পায়?




উপরিউক্ত ক্ষেত্রে (i) এবং (ii) হবে

(A) i খই, ii ছানা (B) i মাছের কাঁটা, ii ভাত (C) i সর, ii দধি (D) i মুড়ি, ii দই

## কবিতা

১৪. বিদ্যাসাগরকে 'দীনের বন্ধু' বলা হয়েছে, কারণ — **১×৫ =৫**

(A) তিনি দিনে জন্মগ্রহণ করেন

(B) তিনি দীনদরিদ্রের আশ্রয়স্বরূপ

(C) তিনি দিনের বেলায় দান করতেন

(D) তিনি দিনু নামক ব্যক্তির, বন্ধু।

১৫. শূন্যস্থান পূরণ করো :

দানে বারি নদীরূপ বিমলা ___________

(A) নারী (B) কিঙ্করী (C) সুন্দরী (D) কুমারী

১৬. বিবৃতিগুলির মধ্যে সঠিক সম্পর্কটি বেছে নাও।

বিবৃতি ১ : দানে বারি নদীরূপ বিমলা কিঙ্করী।

বিবৃতি ২ : পরিমলে ফুল-কুল দশ-দিশ ভরে।

বিকল্পসমূহ : (A) বিবৃতি ১ এবং বিবৃতি ২ উভয়ই সঠিক কিন্তু পরস্পর সম্পর্ক যুক্ত নয়

(B) বিবৃতি ১, বিবৃতি ২ এর কারণ

(C) বিবৃতি ২ ভুল কিন্তু বিবৃতি ১ ঠিক

(D) বিবৃতি ১ এবং বিবৃতি ২ পরস্পর বিরোধী।

১৭. কোনটি কাদের ধর্মগ্রন্থ সেই অনুযায়ী সঠিক বিকল্পটি বেছে নাও।

(A) ধর্মগ্রন্থ

| বাইবেল | ত্রিপিটক | জেন্দাবেস্তা | গ্রন্থসাহেব |
|---|---|---|---|
| শিখ | খ্রিশ্চান | বৌদ্ধ | পারসিক |

(B) ধর্মগ্রন্থ

| বাইবেল | ত্রিপিটক | জেন্দাবেস্তা | গ্রন্থসাহেব |
|---|---|---|---|
| খ্রিশ্চান | বৌদ্ধ | পারসিক | শিখ |

(C) ধর্মগ্রন্থ

| বাইবেল | ত্রিপিটক | জেন্দাবেস্তা | গ্রন্থসাহেব |
|---|---|---|---|
| পরিসিক | শিখ | খ্রিশ্চান | বৌদ্ধ |

(D) ধর্মগ্রন্থ

| বাইবেল | ত্রিপিটক | জেন্দাবেস্তা | গ্রন্থসাহেব |
|---|---|---|---|
| বৌদ্ধ | পারসিক | খ্রিশ্চান | শিখ |

১৮. স্তম্ভ মিলিয়ে সঠিক বিকল্পটি বেছে নাও :

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| (i) বৌদ্ধ | a) মহাবীর |
| (ii) পার্সি | b) গৌতম বুদ্ধ |
| (iii) খ্রিশ্চান | c) জরাথুস্ট্র |
| (iv) জৈন | d) জিশু |

(A) (i) b, (ii) c, (iii) d, (iv) a

(B) (i) c, (ii) b, (iii) d, (iv) a

(C) (i) b, (ii) a, (iii) d, (iv) c

(D) (i) a, (ii) b, (iii) d, (iv) c

১৯. সাম্যবাদী কবিতা অনুসারে সবচেয়ে বড়ো মন্দির-কাবা হল —

ক) হৃদয়ে খ)ধর্মগ্রন্থে গ) জেরুজালেমে ঘ) কাশীতে।

২০. সঠিক বিকল্পটি বেছে নাও।

বিবৃতি (A) : কবি বলেছেন সাম্যের গানই তাঁর জীবনের আদর্শ।

কারণ (R) : সাম্য মানুষের মধ্যে সমস্ত ব্যবধান দূর করে।

বিকল্পসমূহ : (A) A এবং R উভয়ই ভুল

(B) A সঠিক, R ভুল

(C) A ভুল, R সঠিক

(D) A এবং R উভয়ই সঠিক এবং A এর কারণ R.

**আন্তর্জাতিক কবিতা ও ভারতীয় গল্প**

২১. জ্ঞানী মহিলার মতে দেবদূতের প্রিয় খাদ্য হল — **১×৫=৫**

(A) ভাত (B) মাংস (C) কর্পুর (D) ফল

২২. শূন্যস্থান পূরণ করো —

ভিড়কে সরিয়ে দেবার জন্য ডাকতে হল ______।

(A) লোকজনসমেত পুলিশকে

(B) কনস্টেবলসহ দারোগাকে

(C) পুলিশসহ পদস্থ আধিকারিককে

(D) সঙ্গিনসমেত সেনাবাহিনীকে

২৩. বিবৃতির সঠিক কারণটি লেখো :

বিবৃতি : পেলাইও এবং এলিসেন্দা বুড়ো লোকটিকে নিয়ে খুশিতে ছিল। এর কারন—

(A) থুরথুরে বুড়োটি আসলে দেবদূত ছিল।

(B) সপ্তাহ শেষ হওয়ার আগেই ঘরগুলো টাকায় ভরতি হয়েছিল

(C) থুরথুরে বুড়ো তাদের মজার গল্প শোনাত।

(D) থুরথুরে বুড়ো তাদের ঘোরাতে নিয়ে যেত ডানায় চড়িয়ে।

২৪. 'ফাঁসির মঞ্চ' কী কারনে মিলিয়ে যাচ্ছে?

(A) বিপ্লবীদের প্রতিবাদের কারণে

(B) স্বাধীনতা পাওয়ার কারণে

(C) ভারসাম্য রাখবার জন্যে

(D) সাধারণ মানুষের বিক্ষোভের কারণে

২৫. উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করো

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| (i) নিয়ম-কানুন | a) চুঁইয়ে পড়ছে না |
| (ii) রক্ত | b) সব লোপাট করা হচ্ছে |
| (iii) ঘূর্নিপাক | c) প্রলয় ঝড়ে পরিনত হচ্ছে |
| (iv) ঝিরঝিরে বৃষ্টি | d) বিদ্যুৎ বাজ হয়ে উঠছে। |

(A) (i) d, (ii) a, (iii) b, (iv) c

(B) (i) a, (ii) c, (iii) b, (iv) d

(C) (i) c, (ii) a, (iii) d, (iv) b

(D) (i) b, (ii) a, (iii) d, (iv) c

## ভাষা

২৬. 'ইলিয়াড' ও 'ওডিসি' কোন ভাষায় রচিত? **১×১০=১০**

(A) গ্রিক (B) জার্মান (C) কেল্টিক (D) ইতালীয়।

২৭. 'ক'-স্তম্ভের সাথে 'খ' স্তম্ভ মেলাও —

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| (i) প্রাচীন বাংলা | a) ৯০০ খ্রিস্টাব্দ থেকে ১২৫০ খ্রিস্টাব্দ (আনুমানিক) |
| (ii) আদি-মধ্য বাংলা | b) ১২৫০ খ্রিস্টাব্দ থেকে ১৫০০ খ্রিস্টাব্দ (আনুমানিক) |
| (iii) অন্ত্য-মধ্য বাংলা | c) ১৫০০ খ্রিস্টাব্দ থেকে ১৭৬০ খ্রিস্টাব্দ (আনুমানিক) |
| (iv) আধুনিক বাংলা | d) ১৭৬০ খ্রিস্টাব্দ থেকে বর্তমান পর্যন্ত (আনুমানিক) |

বিকল্পসমূহ : (A) (i) a, (ii) b, (iii) c, (iv) d

(B) (i) c, (ii) d, (iii) b, (iv) a

(C) (i) b, (ii) d, (iii) a, (iv) c

(D) (i) d, (ii) a, (iii) c, (iv) b

২৮. অলচিকি লিপির উদ্ভাবক কে?

(A) রঘুনাথ রায় (B) রঘুনাথ দেব (C) রঘুনাথ মুর্মু (D) রঘুনাথ মাহাতো

২৯. শূন্যস্থান পূরণ করো।

আদি মধ্য বাংলার নিদর্শন হল ________।

(A) চর্যাপদ (B) শ্রীকৃষ্ণকীর্তন (C) শ্রীকৃষ্ণবিজয় (D) শ্রীরাম পাঁচালি

৩০. মালায়লম ভাষার লিপি অন্যান্য দ্রাবিড় ভাষার মতোই ব্রাহ্মী লিপি থেকে উদ্ভূত এবং এই ভাষায় যাবতীয় সংস্কৃত বর্ণমালা প্রচলিত। মালায়লম ভাষার এই স্বতন্ত্র অবস্থান তখনই প্রকাশ পেয়েছে যখন—

(A) এই ভাষা তেলেগু ভাষা থেকে পৃথক হয়ে গিয়েছে।

(B) এই ভাষা কন্নড় ভাষা থেকে পৃথক হয়ে গিয়েছে।

(C) এই ভাষা মুন্ডা ভাষা থেকে পৃথক হয়ে গিয়েছে।

(D) এই ভাষা প্রাচীন তামিল ভাষা থেকে পৃথক হয়ে গিয়েছে।

৩১. তথ্যভিত্তিক সঠিক উত্তর নির্বাচন করো।

বঙ্গালী উপভাষা যে অঞ্চলে প্রচলিত —

(i) ঢাকা, ময়মনসিংহ (ii) রাজশাহী, পাবনা (iii) ধলভূম (iv) শ্রীহট্ট

বিকল্পসমূহ : (A) (i) সঠিক এবং (ii), (iii), (iv) ভুল

(B) (ii) সঠিক এবং (i), (iii), (iv) ভুল

(C) (iii) সঠিক এবং (i), (ii) ভুল

(D) (iv) সঠিক এবং (i), (ii), (iii) ভুল

৩২. বিবৃতিগুলির মধ্যে সঠিক সম্পর্ক বেছে নাও।

বিবৃতি ১ : ভাষা হল ভাব বিনিময়ের অন্যতম মাধ্যম

বিবৃতি ২ : একই ভাষার আঞ্চলিক রূপকে উপভাষা বলা হয়।

বিকল্পসমূহ : (A) বিবৃতি ১ সঠিক, কিন্তু বিবৃতি ২ যথার্থ নয়

(B) বিবৃতি ১ ভুল, কিন্তু বিবৃতি ২ সঠিক

(C) বিবৃতি ১, ২ দুটিই সঠিক কিন্তু বিবৃতি ২, ১-এর বিপরীত

(D) বিবৃতি ১,২ দুটিই সঠিক এবং বিবৃতি ২, বিবৃতি ১ এর উপর নির্ভরশীল।

৩৩. সঠিক বিকল্পটি বেছে নাও —


বিবৃতি (A) : রাঢ়ী উপভাষাকে বাংলায় মান্য উপভাষা বলা হয়।

বিবৃতি (R) : ঐতিহাসিক এবং অর্থনৈতিক প্রভাব কোনো ভাষার মান্যরূপ নির্ধারণ করে।

বিকল্পসমূহ : (A) A সঠিক, R ভুল

(B) A এবং R উভয়েই সঠিক এবং R, A এর সঠিক কারণ

(C) A ভুল, R সঠিক




(D) A এবং R উভয়েই সঠিক, কিন্তু তারা পরস্পর নির্ভরশীল নয়।

৩৪. চিত্র দেখে সঠিক উত্তর নির্বাচন করো।

এখানে A, B স্থানে হবে :

(A) পশ্চিমা, বাংলা (B) উত্তরা, হিন্দি (C) দক্ষিণি, তেলেগু (D) মধ্যা, তামিল

৩৫. মূলত ক্রিয়া ও সর্বনামের প্রকার অনুযায়ী, বাংলা ভাষার ব্যবহারিক বৈচিত্র্য _______ এবং _______।

(A) গদ্য, পদ্য (B) সাধু, চলিত (C) সমাজভাষা, বিভাষা (D) আঞ্চলিক উপভাষা, সমাজ-ভাষা

## বাংলা শিল্প-সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস

৩৬. স্তম্ভ মিলিয়ে সঠিক বিকল্পটি বেছে নাও। ১×৫=৫

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| i) বড়ু চণ্ডীদাস | a) বৈষ্ণব পদাবলি |
| ii) কৃত্তিবাস | b) শ্রীকৃষ্ণ বিজয় |
| iii) মালাধর বসু | c) শ্রীকৃষ্ণকীর্তন |
| iv) বিদ্যাপতি ও চণ্ডীদাস | d) রামায়ণ |

(A) (i)-c, (ii)-d, (iii)-b, (iv) a (B) (i)-a, (ii)-c, (iii)-b, (iv)-d

(C) (i)-d (ii)-c, (iii)-a, (iv)-b (D) (i)-a, (ii)-b, (iii) - c, (iv)-d

৩৭. চর্যাপদে পদকর্তার সংখ্যা—

(A) ২৩ জন (B) ২২ জন (C) ২১ জন (D) ২৪ জন

৩৮. শূন্যস্থান পূরণ করো।

‘চণ্ডীমঙ্গল’ কাব্য ধারার শ্রেষ্ঠ কবি হিসাবে _______ ধরা হয়,

(A) মানিক দত্তকে (B) মুকুন্দ চক্রবর্তীকে (C) রামানন্দ যতিকে (D) দ্বিজমাধবকে

৩৯. বিবৃতিগুলির মধ্যে সঠিক সম্পর্কটি বেছে নাও।

বিবৃতি ১ : শাহ মহম্মদ সগীর তাঁর ‘ইউসুফ জোলেখা’ কাব্য গ্রন্থের জন্য বিখ্যাত হয়ে আছেন।

বিবৃতি ২ : শেখ ফয়জুল্লাহ ‘পাদ্মাবতী’ কাব্য গ্রন্থটির অনুবাদ করেন।

বিকল্প সমূহ : (A) বিবৃতি ১ সঠিক কিন্তু বিবৃতি ২ ভুল

(B) বিবৃতি ২ সঠিক কিন্তু বিবৃতি ১ ভুল

(C) বিবৃতি ১ ও বিবৃতি ১ ও বিবৃতি ২ সঠিক এবং তারা পরস্পরবিরোধী

(D) বিবৃতি ১ ও বিবৃতি ২ সঠিক এবং তারা পরস্পর সম্পর্কযুক্ত

৪০. মধ্যযুগের বাংলায় এমন কোনো সাহিত্য সৃষ্টি হয়নি যেখানে ধর্মের প্রাধান্য নেই। মঙ্গলকাব্যে যেমন দেবীর কাছে কবি তথা ভক্তগন আশ্রয় প্রার্থনা করেছেন, তেমনি আগমনী-বিজয়া গানে আরাধ্য দেবী ঘরের মেয়ে হয়ে উঠেছেন। বাংলা সাহিত্যের কোন্ ধারায় আগমনী-বিজয়া পর্যায়ের গানগুলি রয়েছে—

(A) বৈষ্ণব পদাবলি (B) শাক্ত পদাবলি (C) মনসা মঙ্গল (D) চণ্ডীমঙ্গল

# পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ
## সেমিস্টার ভিত্তিক নমুনা প্রশ্নপত্র
## ফাজিল প্রথম বর্ষ
## দ্বিতীয় সেমিস্টার

**শ্রেণি - একাদশ** **বিষয় - বাংলা** **পূর্ণমান - ৪০**

**১। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫**

১.১ ‘‘মা এখন আমার ছুটি হয়েছে মা এখন আমি বাড়ি যাচ্ছি’’ — কে, কাকে কথাটি বলেছে? বক্তার ছুটি চেয়ে আকুলতার কারণ উল্লেখ করো। শেষ পর্যন্ত বক্তা কীভাবে তার কাঙ্খিত ছুটি পেয়েছিল?

১.২ ‘তেলেনাপোতা আবিষ্কার’ গল্পটি ছোটোগল্প হিসাবে কতখানি সার্থকতা লাভ করেছে তা আলোচনা করো।

**২। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫**

২.১ ‘কি কহবরে সখি আনন্দ ওর।’ — কোন পর্যায়ের পদ? ‘ওর’ শব্দটির অর্থ কী? আলোচ্য পদে বক্তার আনন্দ কীভাবে প্রকাশিত হয়েছে তা লেখো।

২.২ ‘‘আমাদের শুকনো ভাতে লবনের ব্যবস্থা হোক’’ — কে, কার কাছে এই দাবি জানিয়েছেন? দাবি জানানোর কারণ উল্লেখ করো।

**৩। অনধিক ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫**

৩.১ ‘আগুন’ নাটকের চতুর্থ দৃশ্যে হরে কৃয়্ন ও মনোরমার সংলাপের মধ্য দিয়ে যে ছবি ফুটিয়ে তোলা হয়েছে তা নিজের ভাষায় লেখো।

৩.২ ‘‘ওসব আইনের কথা বলবেন আদালতে গিয়ে এখানে নয়’’ কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছে? এই মন্তব্যের কারণ কি ছিল?

**৪। অনধিক ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০**

৪.১ ‘‘আমার মনে বড় আনন্দ হল’’ — এখানে আমার বলতে কার কথা বলা হয়েছে? কি দেখে কেন তার আনন্দ হল?

৪.২ ‘আজব শহর কলকেতা’য় ফরাসী বইয়ের দোকান দেখে লেখকের মনে কীরূপ ভাবের উদয় হয়েছিল? দোকানের ভিতর ঢুকে লেখক কিরূপ অভিজ্ঞতা সঞ্চয় করলেন?

৪.৩ ‘‘.... এ অলৌকিক কর্ম যিনি করতে পারেন তিনি বিশ্বকর্মা মহাত্মা’’ — কার সম্পর্কে বলা হয়েছে? উক্ত মন্তব্যের কারণ উল্লেখ করো।

৪.৪ ‘‘বাড়ির আড্ডায় ‘মেল’ মেলে না’’ — এরূপ উক্তির কারণ কী? লেখক কোথায় কাদের সঙ্গে আড্ডা দিতেন?

**৫। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫**


৫.১ বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

৫.২ বাংলা কাব্যে মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

৫.৩ ছড়ার বৈশিষ্ট্য আলোচনা করে যে কোনো দুই প্রকার ছড়ার উদাহরণ দাও।

**৬। নিম্নলিখিত যে-কোনো ১টি বিষয় নির্বাচন করে, নির্দেশ অনুসারে কমবেশি ৪০০ শব্দের মধ্যে ১টি প্রবন্ধ রচনা করো। ১০×১=১০**

৬.১ নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে প্রবন্ধ রচনা করো।




৬.২ প্রতিপক্ষের যুক্তির অসারতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিক্রম বিন্যাস করে প্রবন্ধ রচনা করো।

বিতর্কের বিষয় : বিজ্ঞানের যুগে সাহিত্যের কোনো প্রয়োজন নেই।

সাহিত্য যদিও মানুষের অবসর বিনোদনের একটি মাধ্যম কিন্তু ইঁদুরদৌড়ের যুগে সাহিত্যের আর প্রয়োজন আছে বলে মনে হয় না। সাহিত্যের বিখ্যাত গ্রন্থ পড়ে সময় নষ্ট না করে সিনেমা দেখে তার বিষয়বস্তু জেনে নেওয়া যায়। বিজ্ঞান পড়লে চাকরি বা কাজের সুযোগ বেশি পাওয়া যায়। সাহিত্য নিয়ে পড়ে শিক্ষকতার চাকরি ছাড়া অন্য চাকরি পাওয়া কঠিন। বিজ্ঞান মানুষকে যে সুখস্বাচ্ছন্দ্য দিতে পারে সাহিত্য তা দিতে পারে না। সাহিত্য মানুষের কল্পনা বিলাসকে প্রশ্রয় দেয়, বাস্তব জীবনে যার মূল্য নেই। বাস্তব দিক থেকে বিচার করলে সাহিত্য নয়, বিজ্ঞানই মানুষের জীবনে বেশী প্রয়োজনীয়।

# পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ
## সেমিস্টার ভিত্তিক নমুনা প্রশ্নপত্র
## ফাজিল দ্বিতীয় বর্ষ
## তৃতীয় সেমিস্টার

**শ্রেণি - দ্বাদশ** | **বিষয় - বাংলা** | **পূর্ণমান - ৪০**

- **সঠিক উত্তরটি নির্বাচন করে উত্তরপত্রে (OMR Answer Sheet) চিহ্নিত করো :** ১×৪০

1. মুখুজ্জেমশাই নগেনদের বসার জন্য নির্দেশ করেছিলেন—

   (A) চেয়ার (B) সোফা (C) বেঞ্চ (D) তক্তাপোশ

2. আদরিণীর পায়ে জল ঢেলেছিল মোক্তারমশাইয়ের—

   (A) জ্যেষ্ঠ পুত্রবধূ (B) মাহুত (C) কনিষ্ঠ পুত্র (D) মধ্যম পুত্রবধূ

3. আদরিণীকে বিক্রির পর তাকে দেখতে যাওয়ার সময় মুখুজ্জেমশাই নিয়ে যাবেন—

   (A) ধামাভরা ধান (B) কদলীবৃক্ষ (C) রসগোল্লা ও সন্দেশ (D) বটপাতা

4. নিমন্ত্রণ রক্ষা করিয়া পীরগঞ্জ হইতে ফিরিবার পরদিন বিকালেই মুখোপাধ্যায় মহাশয় সাক্ষাৎ করিতে গেলেন—

   (A) নরেশচন্দ্রের সহিত (B) পরেশচন্দ্রের সহিত (C) মহেশচন্দ্রের সহিত (D) ভবেশচন্দ্রের সহিত

5. বামুনহাটের মেলা শুরু হয়—

   (A) চৈত্র সংক্রান্তির সাতদিন আগে (B) মকর সংক্রান্তিতে

   (C) চৈত্র সংক্রান্তির পনেরোদিন পূর্বে (D) চড়কের পরদিন থেকে

6. প্রাচীনকালে বাংলায় শিক্ষিত ও পন্ডিতজনের ব্যবহৃত ভাষা ছিল—

   (A) বাংলা (B) সংস্কৃত (C) ইংরেজি (D) ফারসি

7. বিলম্বিত বিষয় বোঝাতে স্বামীজি যে প্রবাদ উল্লেখ করেছেন—

   (A) পি.পু.ফি.সু (B) যেতে পারি কিন্তু কেন যাব

   (C) গদাই লস্করি চাল (D) আঠারো মাসে বছর

8. রাজপুত্রের দিগ্‌বিজয়ে সঙ্গে থাকবে না—

   (A) ভালোবাসা (B) বিশ্বাস (C) আশীর্বাদী সরঞ্জাম (D) কবচকুণ্ডল

9. মরুপথে উট হয়—

(A) পক্ষীরাজ (B) জাদু-অশ্ব (C) মধুকর (D) পুষ্পক

10. ভ্যান গঘ ছিলেন—

(A) জার্মান কবি (B) ইতালিয়ান চিত্রশিল্প (C) ডাচ চিত্রশিল্পী (D) জার্মান চিত্রশিল্পী

11. শাস্ত্রীয় সংগীতের এক সম্ভ্রম জাগানো শিল্পী ছিলেন—

(A) আবদুল করিম খাঁ (B) কবীর (C) আলি আকবর খাঁ (D) ওস্তাদ বিসমিল্লা খাঁ

12. কবি শ্রীজাত ধর্মের দখলদারিকে কী বলেছেন—

(A) প্রতিষ্ঠান বিরোধীতা(B) প্রতিষ্ঠান নিরপেক্ষতা (C) প্রতিষ্ঠান সহমর্মিতা (D) প্রতিষ্ঠান আনুগত্য

13. স্বামীজির ভাবনায় পাণ্ডিত্য, গবেষণা প্রভৃতি হওয়া উচিত—

(A) আটপৌরে নিত্য ব্যবহৃত ভাষায় (B) জটিল দুর্বোধ্য ভাষায়

(C) পন্ডিত ও বিদগ্ধজনের ভাষায় (D) অপ্রাকৃতিক সংস্কৃত ভাষায়

14. পোটরাজ রোদে বেরোয় না—

(A) তিনদিন হয়ে গেল (B) চারদিন হয়ে গেল (C) পাঁচদিন হয়ে গেল (D) ছয়দিন হয়ে গেল

15. 'সুবিধের নয় সময়টা' মোকাবিলা করার জন্য কবি সঙ্গে নিতে বলেছেন—

(A) অস্ত্রশস্ত্র (B) ধনুক-তির (C) ঝুড়ি শাবল (D) লাঠি-সড়কি

16. দুরপতকে 'দুরপা' বলে সম্বোধন করে—

(A) দামা (B) বঞ্চলা (C) গ্রামের মোড়ল (D) পাশে বসা বৌটি

17. ভাষা বিজ্ঞানের আলোচনা পদ্ধতি হল—

(A) আরোহমূলক (B) অবরোহমূলক (C) বর্ণনাত্মক (D) বিশ্লেষণাত্মক

18. তুলনামূলক ভাষাবিজ্ঞানের সূত্রপাত করেছিলেন—

(A) স্যার উইলিয়াম জোনস্ (B) উইলিয়াম কেরি (C) নোয়াম চমস্কি (D) স্যার উইলিয়াম হ্যারি

19. 'ই' এবং 'ঈ' স্বরবর্ণ দুটিকে বলা হয়—

(A) সম্মুখ স্বরধ্বনি (B) পশ্চাৎ স্বরধ্বনি (C) কেন্দ্রিয় স্বরধ্বনি (D) অর্ধ-সংবৃত স্বরধ্বনি

20. 'থিসরাস' শব্দের বুৎপত্তিগত অর্থ—

(A) শব্দার্থতত্ত্ব (B) রত্নাগার (C) শব্দাগার (D) অর্থাগার

21. শব্দার্থের পরিবর্তনকে সাধারণত ক-টি ভাগে ভাগ করা যায়—

(A) দু-ভাগে (B) চার ভাগে (C) পাঁচ ভাগে (D) তিন ভাগে

22. ‘সন্দেশ’ শব্দে কী ধরনের শব্দার্থ পরিবর্তন ঘটেছে—

(A) শব্দার্থের প্রসার (B) শব্দার্থের সংকোচন (C) শব্দার্থের রূপান্তর (D) শব্দার্থের উৎকর্ষ

23. দুই বা ততোধিক শব্দের মধ্যে অর্থগত সাদৃশ্য থাকে—

(A) সমার্থক শব্দে (B) বিপরীতার্থক শব্দে (C) ভিন্নার্থক শব্দে (D) সমোচ্চারিত শব্দে

24. ভাষা ও সাহিত্য আলোচিত হয়—

(A) শৈলীবিজ্ঞানে (B) মনোভাষা বিজ্ঞানে (C) নৃভাষা বিজ্ঞানে (D) সমাজভাষা বিজ্ঞানে

25. নিচের যেটি ধ্বনি পরিবর্তনের কারণ নয়—

(A)) উচ্চারণের ত্রুটি (B) আরামপ্রিয়তা (C) অনবধানতা (D) অনুকরনপ্রিয়তা

26. গোঁজলা গুই, ভোলা ময়রা কোন গানের সঙ্গে যুক্ত ছিলেন—

(A) কীর্তন (B) কবিগান (C) কাওয়ালি (D) খেউড়

27. আধুনিক ভারতীয় রাশিবিজ্ঞানের জনক বলা হয়—

(A) নীলরতন ধর (B) শিশিরকুমার মিত্র (C) ইন্দুমাধব মুখোপাধ্যায় (D) প্রশান্তচন্দ্র মহলানবিশ

28. কলকাতায় ‘বসু বিজ্ঞান মন্দির’ প্রতিষ্ঠিত হয়—

(A) ১৯১৫ খ্রিস্টাব্দে (B) ১৯১৭ খ্রিস্টাব্দে (C) ১৯১৮ খ্রিস্টাব্দে (D) ১৯২১ খ্রিস্টাব্দে

29. বাংলার ক্রিকেটের জনক বলা হয়—

(A) অম্বর রায়কে (B) সুব্রত গুহকে (C) পঙ্কজ রায়কে (D) সারদারঞ্জন রায়চৌধুরিকে

30. ‘বাতাসের ধর্ম শুধু......’— বাতাসের ধর্ম হল—

(A) দিগন্ত পেরোনো (B) শুধু বয়ে যাওয়া (C) খবর ছড়ানো (D) পতাকা ওড়ানো

- **শূন্যস্থান পূরণের জন্য সঠিক বিকল্পটি বেছে নাও :**

31. সন্ধ্যার পর গৃহে ফিরিয়া ..................... বসিয়া, সমবেত বন্ধুমণ্ডলীর নিকট মুখোপাধ্যায় এই কাহিনী সবিস্তারে বিস্তৃত করিলেন।

(A) বাগানে (B) বৈঠকখানায় (C) শয়নকক্ষে (D) আরাম কেদারায়

32. যাঁরা ................ এসেছেন, তাঁরা সকলেই সাধারণ লোকের ভাষায় সাধারণকে শিক্ষা দিয়েছেন।

(A) দেশে (B) গ্রামে (C) শহরে (D) লোকহিতায়

33. দিগ্বিজয়ে যেতে হবে। ...................... দিলেন সাজিয়ে।

(A) পাটরানী (B) ছোটরানী (C) দুয়োরানী (D) সুয়োরানী

- **ক্রম অনুযায়ী বাক্যের পুনর্বিন্যাস করো :**

34. (i) পরদিন বেলা সাতটার সময় হস্তিনী আসিল। তাহার নাম— আদরিণী।

(ii) এমন সময় সেই পত্রবাহক ভৃত্য ফিরিয়া আসিল, বলিল- ‘হাতী পাওয়া গেল না’।

(iii) বাড়িতে হাতী আসিবামাত্র পাড়ার তাবৎ বালক-বালিকা আসিয়া বৈঠকখানার উঠানে ভিড় করিয়া দাঁড়াইল।

(iv) শহর হইতে দুই তিন ক্রোশের মধ্যে দুই তিন জন জমিদারের হস্তী ছিল।

বিকল্পসমূহ :

(A) (i), (ii), (iii), (iv)  (B) (iv), (iii), (ii), (i)  (C) (ii), (iv), (i), (iii)  (D) (ii), (i), (iii), (iv)

- **সত্য ও মিথ্যা নির্ণয় করো :**

35. (i) ভাষা হচ্ছে উন্নতির প্রধান উপায় - লক্ষণ।

(ii) বুদ্ধিমান অবশ্যই গ্রাম্যভাষাকে ভিত্তিস্বরূপ গ্রহণ করবেন।

(iii) কলকেতার ভাষাই অল্প দিনে সমস্ত বাঙ্গালা দেশের ভাষা হয়ে যাবে।

(iv) চট্টগ্রাম হতে বৈদ্যনাথ পর্যন্ত ঐ কলকেতার ভাষাই চলবে।

(A)(i) মিথ্যা (ii) মিথ্যা (iii) সত্য (iv) সত্য  (B) (i) সত্য (ii) সত্য (iii) মিথ্যা (iv) মিথ্যা

(C) (i) সত্য (ii) মিথ্যা (iii) সত্য (iv) সত্য  (D) (i) মিথ্যা (ii) সত্য (iii) মিথ্যা (iv) সত্য

36. (i) দুরপতের ছেলে তার দিকে ঢিল ছোঁড়ে।

(ii) দুরপত গজগজ করে আপনমনে।

(iii) তোমার সুমুখে কলা দিই, নারকেল দিই।

(iv) ছাগল দিতে না পারলে মৎস দিই।

(A) (i) সত্য (ii) সত্য (iii) সত্য (iv) মিথ্যা  (B) (i) সত্য (ii) সত্য (iii) মিথ্যা (iv) মিথ্যা

(C) (i) সত্য (ii) মিথ্যা (iii) সত্য (iv) মিথ্যা  (D) (i) মিথ্যা (ii) মিথ্যা (iii) সত্য (iv) সত্য

- **স্তম্ভ মিলিয়ে সঠিক বিকল্পটি নির্বাচন করো :**

37.

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| (i) মুখের মান্য বাংলার স্বরধ্বনির সংখ্যা | (a) বিভাজ্যধ্বনি |
| (ii) খণ্ড ধ্বনির অপর নাম হল | (b) যৌগিক স্বরধ্বনি |
| (iii) একের বেশি স্বরধ্বনির সমন্বয়ে সৃষ্টি হয় | (c) সুরতরঙ্গ |
| (iv) বাক্যে সুরের ওঠাপড়াকে বলে | (d) ৭টি |

(A) (i)-(c) (ii)-(d) (iii)-(a) (iv)-(b)  (B) (i)-(d) (ii)-(a) (iii)-(b) (iv)-(c)

(C) (i)-(a) (ii)-(d) (iii)-(c) (iv)-(b)  (D) (i)-(a) (ii)-(d) (iii)-(c) (iv)-(b)

38. ক-স্তম্ভ | খ-স্তম্ভ

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| (i) 'আমি অকৃতি অধম' গানটির রচয়িতা | (a) মুকুন্দদাস |
| (ii) 'বলো বলো বলো সবে', গানটির রচয়িতা | (b) অখিলবন্ধু ঘোষ |
| (iii) 'বান এসেছে মরা গাঙে' গানটির রচয়িতা | (c) রজনীকান্ত সেন |
| (iv) 'ও দয়াল বিচার করো' গানটির রচয়িতা | (d) অতুলপ্রসাদ সেন |

(A) (i)-(d) (ii)-(c) (iii)-(b) (iv)-(a)  (B) (i)-(c) (ii)-(d) (iii)-(a) (iv)-(b)

(C) (i)-(a) (ii)-(b) (iii)-(c) (iv)-(d)  (D) (i)-(b) (ii)-(c) (iii)-(a) (iv)-(d)

- **বিবৃতি (Assertion) ও কারণ (Reason)-এর মধ্যে সঠিক সম্পর্ক নিরূপণ করো :**

**নিম্নে প্রদত্ত প্রশ্নটিতে দুটি অংশ রয়েছে। প্রথম অংশটি বিবৃতি (A) এবং দ্বিতীয় অংশটি কারণ (R)। নির্দেশনা অনুযায়ী সঠিক উত্তরটির সন্ধান করো।**

39. বিবৃতি (A) — আমার জন্যে অপেক্ষা করো।

কারণ (R) — সময়টা খুব সুবিধের না।

সঠিক বিকল্প :

(A) A ঠিক, R ভুল  (B) A ভুল, R ঠিক

(C) A ও R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ  (D) A এবং R উভয়েই ভুল

- **Case based প্রশ্নটির সঠিক বিকল্পটি নির্বাচন করো :**

40. জয়রাম বক্তার দিকে দৃষ্টিপাত না করিয়া বলিলেন— ''না। গোরুর গাড়িতে চড়ে আমি যাব না। যদি হাতী চড়ে যেতে পারি, তবেই যাব, নইলে এ বিবাহে আমার যাওয়াই হবে না।''

উক্তিটির মধ্যে দিয়ে বক্তার যে মানসিকতা প্রকাশ পায়—

(A) আভিজাত্যের গৌরব  (B) ঈর্ষাপরায়ণতা  (C) দাম্ভিকতা  (D) উগ্রতা

# পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ
## সেমিস্টার ভিত্তিক নমুনা প্রশ্নপত্র
## ফাজিল দ্বিতীয় বর্ষ
## চতুর্থ সেমিস্টার

**শ্রেণি - দ্বাদশ** **বিষয় - বাংলা** **পূর্ণমান - ৪০**

**১। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5×1=5**

১.১ মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘হলুদ পোড়া’ গল্পটিতে যে ভৌতিক পরিবেশের ছায়া লক্ষ্য করা যায় তা আলোচনা করো।

১.২ ‘‘আজ রাতে শুয়ে শুয়ে তীর্থবাবু সেই স্বপ্নটা আবার দেখলেন’’—স্বপ্নটির বিবরণ দাও। স্বপ্নটি দেখার কারণ লেখো।

**২। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5×1=5**

২.১ ‘প্রার্থনা’ কবিতায় কবি কীভাবে ভারতবর্ষকে স্বর্গে জাগরিত করার কথা বলেছেন, তা লেখো।

২.২ ‘তিমির হননের গান’ কবিতায় কবি কেন ‘তিমির বিলাসী’ নয় ‘তিমির বিনাশী’ হতে চেয়েছেন?

**৩। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5×1=5**

৩.১ ‘‘ধরুন, আপনার মতো বয়েস হয়েছে যাঁদের’’—বক্তার মতে উদ্দিষ্ট ব্যক্তির মতো বয়স্ক মানুষদের কী করা উচিত? উদ্দিষ্ট ব্যক্তি কী সেই মতো কাজ করতেন তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৩.২ ‘নানা রঙের দিন’ নাটকে রজনীকান্ত চট্টোপাধ্যায়ের মধ্যে যে নি:সঙ্গতার হাহাকার ফুটে উঠেছে তা লেখো।

**৪। অনধিক ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 5×2=10**

৪.১ রাজার চিঠি কীভাবে অমলের কাছে এসে পৌঁছলো ‘ডাকঘর’ নাটক অবলম্বনে তা লেখো।

৪.২ ‘ডাকঘর’ নাটকের অমল চরিত্রটি আলোচনা করো।

৪.৩ ‘ডাকঘর’ নাটকের দইওয়ালার বাড়ি কোন নদীর ধারে ও কোন্ পাহাড়ের তলায়? দইওয়ালা অমলকে কীভাবে প্রভাবিত করেছিল?

৪.৪ ‘ডাকঘর’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

৫। **অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** **5×1=5**

৫.১ বাংলা চলচ্চিত্রে ঋত্বিক ঘটকের অবদান আলোচনা করো।

৫.২ চিত্রকলা চর্চায় অবনীন্দ্রনাথ ঠাকুরের অবদান লেখো।

৬। **নিম্নলিখিত যে কোনো একটি বিষয় নির্বাচন করে নির্দেশ অনুসারে কমবেশি ৪০০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা করো। :** **10×1=10**

৬.১ প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকা স্বরূপ গ্রহণ করে বিষয়ের গভীরে প্রবেশ করে, পরিণতিদানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ রচনা করো :

**জীবনস্মৃতি**

ছেলেবেলার দিকে যখন তাকানো যায় সবচেয়ে এই কথাটা মনে পড়ে যে তখন জগৎটা ও জীবনটা রহস্যে পরিপূর্ণ। সর্বত্রই যেটি অভাবনীয় আছে এবং কখন যে তাহার দেখা পাওয়া যাইবে তাহার ঠিকানা নাই এই কথাটা প্রতিদিনই মনে জাগিত। প্রকৃতি যেন হাত মোটা করিয়া জিজ্ঞাসা করিত কি আছে বল দেখি? কোনটা থাকা যে অসম্ভব তাহা নিশ্চয় করিয়া বলিতে পারিতাম না।

৬.২ প্রদত্ত সূত্র বা তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো : **10**

**কাজী নজরুল ইসলাম**

জন্ম : ২৪ মে, ১৮৯৯ গ্রাম-চুরুলিয়া, বর্ধমান

পিতা : কাজী ফকির আহমেদ

মাতা : জাহেদা খাতুন

পড়াশোনা : গ্রামের মক্তব থেকে নিম্ন প্রাথমিক, বর্ধমান হাইস্কুলে পাঠ, দশম শ্রেণির ছাত্র থাকাকালীন ৪৯ নং বাঙালি পল্টনে যোগ।

বিবাহ ও সন্তান : ১৯২৪ সালে প্রমীলা সেনগুপ্তকে বিবাহ করেন। বুলবুল, সব্যসাচী, অনিরুদ্ধ

লেখালেখি : প্রথম প্রকাশিত রচনা ‘বাউন্ডেলের আত্মকাহিনী’ অগ্নিবীণা, দোলনচাঁপা, বিষের বাঁশী, সাম্যবাদী, সর্বহারা ইত্যাদি।

সম্পাদিত পত্রিকা : লাঙল

ছদ্মনাম : ধূমকেতু

মৃত্যু : ১৯৭৬ খ্রিষ্টাব্দ ২৯ আগষ্ট, ঢাকায়।